

## পশ্চিম জেলা ভিত্তিক বিজ্ঞান নাটক প্রতিযোগিতার উদ্বোধন

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের উদ্যোগে রাজ্যের ৮টি জেলাতে জেলা ভিত্তিক বিজ্ঞান নাটক প্রতিযোগিতা আয়োজিত হচ্ছে। এই প্রেক্ষাপটে আজ ২৫ শে জুলাই স্থানীয় মহারানি তুলসিবতী উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পশ্চিম জেলা ভিত্তিক বিজ্ঞান নাটক প্রতিযোগিতা উদ্বোধন হয়েছে। মাননীয় বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী শ্রী সুদীপ রায় বর্মণ এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। উদ্বোধনী আলোচনায় মাননীয় মন্ত্রী এই বিজ্ঞান নাটক বিষয়টিকে শুধু আগরতলাতে সীমাবদ্ধ না রেখে রাজ্যের প্রত্যন্ত অঞ্চলগুলিতে ছড়িয়ে দেবার আহ্বান রাখেন। অনুষ্ঠানে প্রধান অতিথিরূপে উপস্থিত ছিলেন মাননীয় বিধায়ক শ্রী আশিস কুমার সাহা। এছাড়া বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব ড. অলিন্দ রাস্তোগী, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অতিরিক্ত অধিকর্তা শ্রী সন্জয় চক্রবর্তী, ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের বরিষ্ঠ বিজ্ঞান আধিকারিক শ্রী ভবতোষ দত্ত এবং পশ্চিম জেলা সভাপতি দিলীপ কুমার দাস প্রমুখ উপস্থিত ছিলেন। এই প্রতিযোগিতা আগামী ২৭ শে জুলাই পর্যন্ত চলবে এবং এতে মোট ২৭ টি বিদ্যালয়ের বিজ্ঞান নাটক দল তাদের নাটক পরিবেশন করবে। এই প্রতিযোগিতা থেকে শ্রেষ্ঠ নাটক দলটি রাজ্য ভিত্তিক প্রতিযোগিতায় অংশ গ্রহণের সুযোগ পাবে।

  
২৫/৭/১৮





আগরতলা দেওয়া হলে সবার শান্ত হন।

## আজ পশ্চিমজেলা ভিত্তিক বিজ্ঞান নাটকের উদ্বোধন

আগরতলা

আগরতলা, ২৪ জুলাই : পশ্চিম জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের উদ্যোগে এবং ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহায়তায় আগামী ২৫ জুলাই থেকে স্থানীয় মহারাণী তুলসীবতী উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শুরু হবে পশ্চিম জেলা ভিত্তিক আন্তঃ বিদ্যালয় বিজ্ঞান নাটক প্রতিযোগিতা-২০১৮। ২৫ জুলাই বেলা ১২ টায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন ত্রিপুরা সরকারের বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী সুদীপ রায় বর্মণ। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করবেন বিধায়ক আশিস কুমার সাহা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ড. অলিন্দ রাস্তোগী, আইএফএস, সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ত্রিপুরা সরকারের মধ্যশিক্ষা অধিকারের অতিরিক্ত অধিকর্তা সঞ্জয় চক্রবর্তী এবং ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের আধিকারিক ভবতোষ দত্ত। নুষ্ঠানে সভাপতিত্ব করবেন, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দিলীপ কুমার দাস। উদ্বোধনী অনুষ্ঠানের পর শুধুমাত্র ছাত্র-ছাত্রীদের জন্য সেদিন অংশগ্রহণকারী মোট ২২ টি বিদ্যালয় ভিত্তিক নাট্যদলের মাধ্যমে ৫ টি বিদ্যালয়ের নাট্যদল তাদের নাটক পরিবেশন করবে।

সং  
পা  
পু  
চ  
মদ

সে  
FI  
খ  
অ  
হই  
97

TAT  
প্রতি  
জন্য  
977

M